দৈনিক ইনকিলাব

তারিখ 07 AUG 1994
পৃষ্ঠা ১ কলাম ৪

# এইচএসসি পরীক্ষার ৪র্থ দিনে ২৩২৬ জন পরীক্ষার্থী বহিষ্কার

॥ স্টাফ রিপোর্টার ॥

দেশের চারটি শিক্ষা বোর্ডের উচ্চ মাধ্যমিক পরীক্ষার চতুর্থ দিনে গতকাল অসদুপায় অবলম্বনের দায়ে ২ হাজার ৩শ' ২৬ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে। ঝিনাইদহ ডিগ্রী কলেজে বহিষ্কৃত কয়েকজন পরীক্ষার্থীর হামলায় ৩ জন শিক্ষক ও ৫ জন পুলিশ আহত হয়েছে। এ সময় ১৪টি গাড়ী ভাঙচুর করা হয়। রাজশাহীতে বহিষ্কৃত কয়েকজন পরীক্ষার্থী কলেজের অধ্যক্ষের বাসভবন ভাঙচুর করে। গতকাল ছিল ইংরেজী দ্বিতীয় পত্রের পরীক্ষা। গতকালের উচ্চ মাধ্যমিক পরীক্ষায় ঢাকা বোর্ডে অসদুপায় অবলম্বনের দায়ে ৬শ' ৯৫ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে। ঢাকা মহানগরীতে ২৫, ঢাকা জেলায় ৬, 'গাজীপুরে ১শ' ২৫, নারায়ণগঞ্জে ১৮, নরসিংদীতে ২২, মুন্সীগঞ্জে ৯, মানিকগঞ্জে

১১-এর পৃঃ ১-এর কঃ দেখুন

## এইচএসসি পরীক্ষা

প্রথম পৃষ্ঠার পর

২৬, টাংগাইলে ৯৫, ফরিদপুরে ৩৭, মাদারীপুরে ২৬, শরীয়তপুরে ২, রাজবাড়ীতে ৫, গোপালগঞ্জে ২০, ময়মনসিংহে ১শ' ২৯, কিশোরগঞ্জে ৬৩, নেত্রকোনায় ২০, জামালপুরে ৫০ এবং শেরপুরে ১৭ জনকে বহিষ্কার করা হয়েছে।

ইংরেজী দ্বিতীয় পত্রের পরীক্ষায় কুমিল্লা বোর্ডে বহিষ্কৃত পরীক্ষার্থীর সংখ্যা ৩শ' ৬৬ জন। কুমিল্লায় ৮৭ জন, ব্রাহ্মণবাড়ীয়ায় ২৬ জন, চাঁদপুরে ৪৮ জন, মৌলভীবাজারে ২১ জন, সুনামগঞ্জে ৭ জন, হবিগঞ্জে ২১ জন, সিলেটে ১৬ জন, চট্টগ্রামে ৯৮ জন, লক্ষ্মীপুরে ৯ জন, ফেনীতে ২৭ জন এবং খাগড়াছড়িতে ৩ জনকে বহিষ্কার করা হয়েছে।

আমাদের যশোর অফিস জানিয়েছে, গতকালের পরীক্ষায় যশোর বোর্ডে বহিষ্কৃত পরীক্ষার্থীর সংখ্যা ২শ' ৫ জন। কুষ্টিয়ায় ৫৩ জন, সাতক্ষীরায় ১০ জন, পটুয়াখালীতে ২০ জন, ঝিনাইদহে ২৪ জন, চুয়াডাঙ্গায় ১২ জন, নড়াইলে ২৭ জন, ভোলায় ১৪ জন, বরগুনায় ৪ জন, খুলনায় ১৮ জন, যশোরে ১১ জন এবং মাগুরায় ১২ জনকে বহিষ্কার করা হয়েছে।

ঝিনাইদহ হতে, নিজস্ব সংবাদদাতা জানিয়েছেন, কালিগঞ্জ মাহাতাব উদ্দিন ডিগ্রী কলেজে এইচএসসি পরীক্ষার্থীদের নকল করতে না দেয়ায় একদল উচ্ছৃংখল পরীক্ষার্থী হকিস্টিক নিয়ে শিক্ষকদের উপর সন্ত্রাসী হামলা চালায়। এতে ৩ জন শিক্ষক ও ৫ জন পুলিশ আহত হয়। উচ্ছৃংখল ছাত্ররা থানা নির্বাহী অফিসার ও ম্যাজিস্ট্রেটের গাড়ীসহ ১৪টি গাড়ী ভাঙচুর করে।

রাজশাহী অফিস জানায়, গতকাল (শনিবার) ইংরেজী ২য় পত্রের পরীক্ষায় রাজশাহী বোর্ডের অধীনে ১৫টি জেলায় ১০৬০ জন পরীক্ষার্থী বহিষ্কৃত হয়। অনুপস্থিত ছিল ৫২১ জন ছাত্র-ছাত্রী।

জেলাওয়ারী বহিষ্কৃতের সংখ্যা হলোঃ গাইবান্ধা ২১৯, দিনাজপুর ১৪৫, নবাবগঞ্জ ৬৫, নাটোর ৬৭, নওগাঁ ৪১, পাবনা ৩৩, সিরাজগঞ্জ ৮৩, বগুড়া ৫৬, জয়পুরহাট ২৪, রংপুর ৭৩, লালমনিরহাট ১৯, নীলফামারী ৩৫, কুড়িগ্রাম ৩১, পঞ্চগড় ৩১ এবং রাজশাহীতে ১৩৮ জন। এ রিপোর্ট লেখা পর্যন্ত ঠাকুরগাঁওয়ের কোন তথ্য কন্ট্রোল রুম দিতে পারেনি।